"স্মার্ট পরিসংখ্যান
উন্নয়নের সোপান"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
জেলা পরিসংখ্যান কার্যালয়
নওগাঁ।

# জেলা কার্যালয়ের ত্রৈমাসিক সমন্বয় সভার কার্য বিবরণী

সভাপতি : জনাব মো: ফয়সাল হাসান
উপপরিচালক (অ: দা:), জেলা পরিসংখ্যান কার্যালয়, নওগাঁ।
সভার তারিখ : ২৮ মার্চ, ২০২৪ খ্রি.
সময় : সকাল ১০:০০ ঘটিকা।
স্থান : জেলা পরিসংখ্যান কার্যালয়, নওগাঁ এর সম্মেলন কক্ষ।
(গুগল মিট প্ল্যাটফর্ম ব্যবহারের মাধ্যমে)
উপস্থিতির তালিকাঃ : পরিশিষ্ট-"ক"

সভায় গুগল মিট প্ল্যাটফর্মে যুক্ত সকল সদস্যকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। আজকের সভা যথা সময় সকাল ১০:০০ ঘটিকায় শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন ও তাঁর আত্মার মাগফিরাত কামনা করেন এবং মুক্তিযুদ্ধের সকল শহীদের আত্মার মাগফিরাত কামনা করেন। গত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে চূড়ান্ত করা হয়। সভায় কর্মকর্তা-কর্মচারীগণ তাদের বক্তব্য উপস্থাপন করেন। সভায় জেলা ও উপজেলা পরিসংখ্যান কার্যালয়ে চলমান নিয়মিত সম্পাদিত এবং সম্পাদিতব্য কার্যাবলি সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

অতঃপর বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতি ক্রমে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

| ক্র: নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | APA সংক্রান্ত | বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি (APA) নিয়ে আলোচনা করা হয়:<br><br>সভাপতি মহোদয় বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি (APA) সম্পর্কে আলোচনা করেন। APAMS সফটওয়্যারে ৩য় কোয়ার্টারে যে সকল প্রমাণক দাখিল করতে হবে সে সকল প্রমাণক নির্দিষ্ট সময়ের মধ্যে প্রস্তুত করার নির্দেশনা প্রদান করেন সভাপতি মহোদয়। তিনি বলেন যে, বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি বাস্তবায়নে তৎপর হতে হবে। প্রতি কোয়ার্টারের তথ্য উপজেলা হতে APAMS সফটওয়্যারে প্রমাণকসহ দাখিল করতে হবে।<br><br>এ পর্যায়ে সভাপতি মহোদয় (APA) সংক্রান্ত যে কোন প্রয়োজনে জেলা কার্যালয়ের সাথে যোগাযোগ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | যথাযথভাবে (APA) চুক্তি বাস্তবায়ন এবং অর্পিত দায়িত্ব পালন করতে হবে। | সকল কার্যালয় |
| ০২ | ঈদ-উল-ফিতর এর ছুটি সংক্রান্ত | সভাপতি মহোদয়, সহকর্মীদের ঈদের আগাম শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি বলেন, আগামী ১০ এপ্রিল হতে ১২ এপ্রিল পর্যন্ত ঈদ-উল-ফিতর এর ছুটি থাকবে এবং ০৯ এপ্রিল একদিন ছুটি বাড়লে ঈদের আগে শেষ কর্মদিবস হবে ০৮ এপ্রিল। তাই ০৮ এপ্রিল সকল কর্মকর্তা ও কর্মচারীকে কর্মস্থলে উপস্থিত থেকে দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।<br><br>এ পর্যায়ে সভাপতি মহোদয় বলেন, সাবধানতা ও সুস্বাস্থ্যের সহিত অনন্দঘন পরিবেশে আমরা সকলে পবিত্র ঈদ উদ্যাপন করব। | সরকারি নির্দেশনা মোতাবেক ঈদ-উল-ফিতর এর ছুটি কাটাতে হবে। | সকল কর্মকর্তা/কর্মচারী |

| ক্র: নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৩ | বাংলা নববর্ষ পালন সংক্রান্ত | বাংলা নববর্ষকে যথাযথভাবে গুরুত্ব দিয়ে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে পালন করার নির্দেশনা দেন সভাপতি মহোদয়। | **প্রশাসনের সাথে সমন্বয় করে উদ্‌যাপন করতে হবে।** | সকল কার্যালয় |
| ০৪ | প্রশাসন সংক্রান্ত | অফিসে সময়মত উপস্থিতি নিয়ে আলোচনা করা হয়:<br>সভাপতি মহোদয় সকল কর্মকর্তা-কর্মচারীকে সরকারি নিয়মকানুন মেনে শৃঙ্খলা বজায় রেখে যথাসময়ে নিজ নিজ কার্যালয়ে উপস্থিত হতে নির্দেশনা প্রদান করেন। এ ব্যাপারে তিনি রমজান মাসে সরকার ঘোষিত নিয়মানুযায়ী সকাল ৯.০০ ঘটিকা হতে বেলা ৩.৩০ ঘটিকা পর্যন্ত নতুন সময়সূচি যথাযথভাবে অনুসরণ করার কথা উল্লেখ করেন।<br>তিনি বলেন, কর্তৃপক্ষের বিনা অনুমতিতে বিলম্বে কর্মস্থলে উপস্থিত বা কর্মস্থল ত্যাগ করা যাবে না। | সকল কর্মকর্তা/কর্মচারীকে নিজ নিজ কর্মস্থলে উপস্থিত থেকে অর্পিত দায়িত্ব পালন করতে হবে। কোন ব্যত্যয় হলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল কর্মকর্তা/কর্মচারী |
| ০৫ | কৃষি রিপোর্ট (প্রধান ও অপ্রধান ফসল) সংক্রান্ত | কৃষি প্রতিবেদন সংক্রান্ত আলোচনা করা হয়:<br>সভাপতি মহোদয় বলেন, নির্দিষ্ট সময়ের মধ্যে বিশেষ করে APA তে বর্ণিত তারিখ অনুযায়ী কৃষি প্রতিবেদন গুলো প্রেরণ করতে হবে। পাশাপাশি তিনি উপজেলা পরিসংখ্যান কার্যালয় থেকে বিভিন্ন সময়ে ফসলের প্রেরণকৃত নিল রিপোর্টের ব্যাপারে সচেতন হতে বলেন।<br>এছাড়াও সভাপতি মহোদয় উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ১৫ এপ্রিল এর কৃষি রিপোর্টগুলো আগে থেকে প্রস্তুত রাখতে বলেন এবং ঈদ পরবর্তী কর্মদিবসে রিপোর্টগুলো প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন। | কৃষি ক্যালেন্ডার ও APA তে বর্ণিত তারিখ অনুযায়ী প্রতিবেদন প্রেরণ করতে হবে। সঠিক নিয়মে কৃষি পরিসংখ্যান সংগ্রহ করতে হবে। | সকল কর্মকর্তা/কর্মচারী |
| ০৬ | বিভিন্ন সূচক প্রণয়নের জন্য তথ্য সংগ্রহ সংক্রান্ত | সভাপতি মহোদয় বলেন, CPI, WRI, BMPI, IIP & PPI এর তথ্য সংগ্রহের কাজ অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই এ কাজে নিয়োজিত তথ্য সংগ্রহকারীদের মূল্য সংগ্রহের কার্যক্রম অত্যন্ত সতর্কতার সাথে করতে হবে। | CPI, WRI, BMPI, IIP & PPI এর তথ্য সংগ্রহকারীগণ অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করবেন। | CPI, WRI, BMPI, IIP & PPI এর কাজে নিয়োজিত তথ্য সংগ্রহকারীগণ |
| ০৭ | ওয়েব পোর্টাল হালনাগাদ | সভাপতি মহোদয় বলেন, সকল দপ্তরের ওয়েব পোর্টাল অবশ্যই ১০০% হালনাগাদ রাখতে হবে। প্রতি মাসের মাসিক সমন্বয় সভার নোটিশ পাওয়ার পর উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েব পোর্টালের সর্বশেষ হালনাগাদের তথ্য জেলা কার্যালয়ে প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন সভাপতি মহোদয়। | ওয়েব পোর্টাল ১০০% হালনাগাদ রাখতে হবে। | সকল কর্মকর্তা/কর্মচারী |

| ক্র: নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৮ | বিবিধ | পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং নিরাপত্তা বিষয়ে আলোচনা করা হয়: সভাপতি মহোদয় বলেন, জেলা পরিসংখ্যান কার্যালয়, নওগাঁ এবং এর আওতাধীন সকল উপজেলা পরিসংখ্যান কার্যালয় সমূহের পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা ও নিরাপত্তা নিশ্চিত করা আমাদের সকলের দায়িত্ব ও কর্তব্য।<br><br>তিনি আরো বলেন, প্রতি মাসের ২৫ তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং নিরাপত্তা বিষয়ক রিপোর্ট প্রেরণ করতে হবে।<br><br>নারী ও শিশু নির্যাতন রোধ, বাল্য বিবাহ ও যৌতুক বিরোধী অবস্থানের বিষয়ে আলোচনা করা হয়:<br>তিনি আরো বলেন "যৌতুক নিব না, যৌতুক দিব না" যৌতুক দেওয়া এবং যৌতুক নেওয়া উভয়ই সমান অপরাধ। সবাইকে যৌতুকের বিপক্ষে অবস্থান করতে হবে। সাধারণ জনগণের মাঝে নারী ও শিশু নির্যাতন রোধ, বাল্য বিবাহ ও যৌতুক বিরোধী বিষয়ে সর্বদা সচেতনতা সৃষ্টির আহ্বান জানান তিনি। | জেলা ও উপজেলার প্রতিটি কার্যালয় নিয়মিত ঝাড়ু দেওয়া এবং পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। সেই সঙ্গে নিরাপত্তা নিশ্চিত করতে হবে।<br><br>নারী ও শিশু নির্যাতন রোধ, বাল্য বিবাহ ও যৌতুক বিরোধী অবস্থান গ্রহণ করতে হবে সকলকে। | উপপরিচালক<br>পরিসংখ্যান কর্মকর্তা /<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা/কর্মচারী (সকল) |

সর্বশেষে সভাপতি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর নিয়মিত কার্যাবলী সঠিক ও সুচারুরূপে সম্পাদনের পাশাপাশি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত বিভিন্ন শুমারি ও জরিপ কার্যক্রম সর্বোচ্চ গুরুত্ব সহকারে করতে হবে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের পূর্ণ সহযোগিতা প্রদানের আহ্বান জানিয়ে আবারও মুক্তিযুদ্ধের সকল শহীদের আত্মার মাগফিরাত কামনা করে সভার কার্যক্রম সমাপ্ত করা হয়।

২০/০৫/২০২৪

মো: ফয়সাল হাসান
উপপরিচালক (অ: দা:)
ও
সভাপতি
জেলা উন্নয়ন সমন্বয় সভা, নওগাঁ।